



বাংলাদেশের বিজয়ই গণতন্ত্রের বিজয়: খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান | ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনে সভাপতি নির্বাচিত হওয়ার ঘটনাকে বাংলাদেশের জন্য বড় অর্জন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি বলেন, এটি শুধু ব্যক্তিগত নয়, দেশের গণতন্ত্রেরও সাফল্য।

বৃহস্পতিবার (৪ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

মন্ত্রী জানান, প্রধানমন্ত্রীর দৃঢ় সমর্থন না থাকলে এই সাফল্য সম্ভব হতো না। তিনি বলেন, দশ বছরের কাজ কয়েক সপ্তাহে এগিয়ে নেওয়া গেছে রাজনৈতিক সহযোগিতার কারণে।

তিনি আরও বলেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম, প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ন কবীরসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্মিলিত প্রচেষ্টায় এই অর্জন এসেছে।

জাতিসংঘের দায়িত্বের পাশাপাশি মন্ত্রিত্ব চালিয়ে যাওয়ার বিষয়ে তিনি বলেন, একই সময়ে দুই দায়িত্ব পালনের নজির রয়েছে। তিনি উদাহরণ হিসেবে ৪০ বছর আগে হুমায়ুন রশীদের কথা উল্লেখ করেন, যিনি একই সঙ্গে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্বে ছিলেন।